



তারিখঃ ২৪ পৌষ, ১৪২৮ বঙ্গাব্দ  
৮ জানুয়ারি, ২০২২ খ্রিস্টাব্দ

## ডিগ্রি (পাস) উপবৃত্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

সরকারি ব্রজলাল কলেজ, খুলনায় অধ্যয়নরত ডিগ্রি (পাস) কোর্সের (২০১৭-২০১৮, ২০১৮-২০১৯ এবং ২০১৯-২০২০ শিক্ষাবর্ষ) যথাক্রমে ৩য়, ২য় এবং ১ম বর্ষের ছাত্রছাত্রীদের জানাচ্ছি যে, মাননীয় প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের ০৫.০১.২০২২ তারিখের উপবৃত্তির বিজ্ঞপ্তি অনুযায়ী দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদান করা হবে। এ লক্ষে সরকারি ব্রজলাল কলেজ, খুলনার ডিগ্রি (পাস) কোর্সের (নিয়মিত) শিক্ষার্থীদের উপবৃত্তি প্রাপ্তির লক্ষে সংযুক্ত বিজ্ঞপ্তি অনুযায়ী ওয়েবসাইটের লিংকে প্রবেশ করে আবেদন করতে বলা হলো।

### শর্তাবলী:

- উপবৃত্তি প্রাপ্তির জন্য শিক্ষার্থীকে <http://estipend.pmeat.gov.bd> লিংক-এ প্রবেশ করে অনলাইনে নিবন্ধন করতে হবে;
- অনলাইনে নিবন্ধনের জন্য শিক্ষার্থীর জাতীয় পরিচয়পত্র, জন্ম নিবন্ধন, কলেজ পরিচয়পত্র, এইচএসসি ও ডিগ্রি (পাস) কোর্সের রেজিস্ট্রেশন কার্ড এবং প্রবেশপত্রের কপি, তপশীলভুক্ত যে কোন ব্যাংকে নিজ নামে হিসাব নম্বর (রাউটিং নম্বরসহ) এবং একটি সচল মোবাইল নম্বর থাকতে হবে;
- আগামী ০৯.০১.২০২২ হতে ১০.০২.২০২২ তারিখ পর্যন্ত অনলাইন নিবন্ধন কার্যক্রম চলবে;
- নিবন্ধনের জন্য প্রয়োজনীয় নির্দেশনা বর্ণিত ওয়েবসাইটে ব্যবহার নির্দেশিকায় পাওয়া যাবে;
- নিয়মিত শিক্ষার্থী হিসেবে শ্রেণি কক্ষে (ক্লাস) কমপক্ষে ৭৫% উপস্থিত থাকতে হবে;
- উপবৃত্তির প্রাপ্তির জন্য শিক্ষার্থীর অভিভাবকের বার্ষিক আয় মোট ১,০০,০০০/- টাকার কম হতে হবে; অভিভাবক/পিতা-মাতার মোট জমির পরিমাণ সিটি কর্পোরেশন এলাকায় বসবাসকারী ০.০৫ শতাংশ এবং অন্যান্য এলাকায় ০.৭৫ শতাংশের কম জমি থাকতে হবে;

Smeen  
08.1.2022  
(প্রফেসর শরীফ আতিকুজ্জামান)

অধ্যক্ষ

সরকারি ব্রজলাল কলেজ, খুলনা

8/1/2022

Success  
08/1/2022



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট  
উপবৃত্তি শাখা



বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, খানমন্ডি, ঢাকা-১২০৯  
www.pmeat.gov.bd

নং-৩৭.২৪.০০০০.০৩.০২৮.০০১.২১- ৫৯

তারিখ: ২১ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ  
০৫ জানুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ

### উপবৃত্তি বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২১-২২ অর্থবছরে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক ২০১৭-১৮, ২০১৮-১৯ এবং ২০১৯-২০ (৩য় বর্ষ, ২য় বর্ষ এবং ১ম বর্ষ) শিক্ষাবর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়, জাতীয় বিশ্ববিদ্যালয় এবং ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের নিকট থেকে উপবৃত্তির আবেদন আহ্বান করা হচ্ছে।

ক. উপবৃত্তি প্রাপ্তির জন্য শিক্ষার্থীকে <http://estipend.pmeat.gov.bd> লিংক-এ প্রবেশ করে অনলাইনে নিবন্ধন করতে হবে;

খ. নিবন্ধনের জন্য প্রয়োজনীয় নির্দেশনা বর্ণিত ওয়েবসাইটে ব্যবহার নির্দেশিকায় পাওয়া যাবে;

গ. উক্ত সফটওয়্যারে তথ্য এন্ট্রির জন্য সকল শিক্ষা প্রতিষ্ঠান ও উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাগণ পূর্বের User ID ও Password ব্যবহার করে অথবা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের EMIS সফটওয়্যারের User ID ও Password ব্যবহার করেও লগইন করতে পারবেন;

ঘ. ব্যবহার নির্দেশিকার শর্তাবলি অনুসরণপূর্বক আগামী ০৯/০১/২০২২ থেকে ১০/০২/২০২২ তারিখ পর্যন্ত সিস্টেম ব্যবহার করে অনলাইনে শিক্ষার্থীরা আবেদন করতে পারবে;

ঙ. সামগ্রিক প্রক্রিয়া সম্পন্ন করে আগামী ২৮/০২/২০২২ তারিখের মধ্যে নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা সিস্টেম ব্যবহার করে অনলাইনে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য, নির্বাচিত শিক্ষার্থীদের তালিকার কোন হার্ড কপি প্রেরণের প্রয়োজনীয়তা নাই।

০৫/০১/২০২২

(নাসরীন আফরোজ)

ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন: ০২-৮১৯২২০০

ই-মেইল: md@pmeat.gov.bd